"ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট।"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
প্রশাসন ইউনিট (মনিটরিং শাখা)
০৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং: ৫৯.১১.০০০০.১৫৭.১৬.১২২ (অংশ-৫).২৩ - ৪৮২৪

তারিখ: ১৬ পৌষ ১৪৩০ / ৩১/১২/ ২০২৩

বিষয়: আওতাধীন কার্যালয়সমূহ কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কার্যক্রম বিষয়ক ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব সাহান আরা বানু, এনডিসি
মহাপরিচালক (গ্রেড-১)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর

সভার তারিখ ও সময় : ২৬.১২.২০২৩খ্রি:, সকাল: ১১.০০ ঘটিকা

স্থান : ভার্চুয়াল প্ল্যাটফর্ম

সভাপতি সভায় সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, ২০১২ সালে প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল এর মূল লক্ষ্য হলো শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা করা। এরই ধারাবাহিকতায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় সম্পাদিত কাজের বিপরীতে নম্বর প্রদান ও সে আলোকে মূল্যায়নের ব্যবস্থা রয়েছে। এরপর তিনি পরিচালক (প্রশাসন)-কে কার্যপত্র অনুযায়ী সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | নৈতিকতা কমিটির সভা আয়োজন | আওতাধীন কার্যালয়সমূহের নৈতিকতা কমিটির সভা আয়োজন বিষয়ক অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়।<br>ঢাকা বিভাগ কর্তৃক কোন সভা আয়োজন করা হয়নি বলে সভায় অবহিত করা হয়। অন্য কার্যালয়সমূহ কর্তৃক সভা আয়োজন করা হয়েছে।<br>সভার নোটিশ, হাজিরা শিট ও কার্যবিবরণী প্রমানক হিসেবে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | প্রতি ত্রৈমাসিকের শুরুতে নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে হবে এবং সভার নোটিশ, হাজিরা শিট ও কার্যবিবরণী প্রমাণক হিসেবে প্রেরণ করতে হবে। | পরিচালক<br>সকল বিভাগ/০৩টি বিশেষায়িত হাসপাতাল/কেন্দ্রীয় পণ্যাগার |
| ২. | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | ঢাকা, বরিশাল, খুলনা বিভাগ ও এমএফটিসি কর্তৃক সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে এ পর্যন্ত কোন সভা আয়োজন করা হয়নি বলে সভায় উপস্থাপন করা হয়। | ২০২৩-২৪ অর্থবছরে অন্তত ০২টি সভা আবশ্যিকভাবে আয়োজন করতে হবে এবং সভার রেকর্ড নোট্স ও হাজিরা প্রমাণক হিসেবে প্রেরণ করতে হবে। | পরিচালক<br>ঢাকা/বরিশাল/ খুলনা বিভাগ/ এমএফটিসি |
| ৩. | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভার আয়োজন | সভায় জানানো হয় যে, ঢাকা, সিলেট, রংপুর, এমসিএইচটিআই, মিরপুর, এমএফএসটিসি কর্তৃক শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভার আয়োজন করা হয়নি। অন্যান্য কার্যালয়সমূহ মতবিনিময় সভা আয়োজন করেছেন। | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত নির্দেশিকা অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন সম্ভব না হলে কমপক্ষে ০২টি মতবিনিময় সভা আয়োজনপূর্বক প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে। | পরিচালক<br>ঢাকা/সিলেট/ রংপুর/ এমসিএইচটিআই, মিরপুর/ এমএফএসটিসি |

| ক্রম. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৪. | কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ /পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা/প্রাধিকারপ্রাপ্ত কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি) | কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত অগ্রগতি পর্যালোচনায় সভায় উপস্থাপন করা হয় যে, ঢাকা ও রংপুর বিভাগ কর্তৃক কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি।<br>অন্যান্য কার্যালয়সমূহ কর্তৃক ০২টি কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>কার্যক্রম এর নাম ও বাস্তবায়নের প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত নির্দেশিকা অনুযায়ী নির্ধারিত ছকে দাখিল করার বিষয়ে আলোচনা করা হয়। | ১। ঢাকা ও রংপুর বিভাগ কর্তৃক কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম গ্রহণপূর্বক কার্যক্রম এর নাম ও বাস্তবায়নের প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত নির্দেশিকা অনুযায়ী নির্ধারিত ছকে প্রেরণ করতে<br>২। অন্যান্য কার্যালয়সমূহ কর্তৃক গৃহীত কার্যক্রম এর নাম ও বাস্তবায়নের প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত নির্দেশিকা অনুযায়ী নির্ধারিত ছকে প্রেরণ করতে হবে। | পরিচালক সকল বিভাগ/০৩টি বিশেষায়িত হাসপাতাল/কেন্দ্রীয় পণ্যাগার |
| ৫. | ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত নির্দেশিকা অনুযায়ী সকল কার্যালয়কে ৩১/০৭/২০২৩ তারিখের মধ্যে ক্রয়-পরিকল্পনা প্রণয়নপূর্বক ওয়েবসাইটে প্রকাশ এর লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল মর্মে সভায় উপস্থাপন করা হয়।<br>সভায় জানানো হয় যে, রাজশাহী বিভাগ নির্ধারিত সময়ের মধ্যে ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করেছেন।<br>অন্যান্য কার্যালয়সমূহ কর্তৃক এ লক্ষ্যমাত্রা বাস্তবায়ন সম্ভব হয়নি। | পরবর্তী অর্থবছর থেকে সকল কর্মপরিকল্পনা নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে। | পরিচালক সকল বিভাগ/০৩টি বিশেষায়িত হাসপাতাল/কেন্দ্রীয় পণ্যাগার |
| ৬. | সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ | সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ বিষয়ে আলোচনায় সভায় জানানো হয় যে, সকল কার্যালয় রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত নিয়মিত সংরক্ষণ করছেন। | রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত নিয়মিত সংরক্ষণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রমাণক ত্রৈমাসিকভিত্তিতে প্রেরণ করতে হবে। | পরিচালক সকল বিভাগ/০৩টি বিশেষায়িত হাসপাতাল/কেন্দ্রীয় পণ্যাগার |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮.১২.২৩

(সাহান আরা বানু, এনডিসি)
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন: ৫৫০১২৩৪১
ইমেইল:dg@dgfp.gov.bd

স্মারক নং: ৫৯.১১.০০০০.১৫৭.১৬.১২৬.২৩ - ৪৮২৪/১(১৫)

তারিখ: ১৬ পৌষ ১৪৩০ / ৩১/১২/ ২০২৩

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক, পরিবার পরিকল্পনা, ------------------------------ বিভাগ (সকল)।
২। পরিচালক, এমএফএসটিসি/এমসিএইচটিআই, মোহাম্মদপুর/আজিমপুর/মিরপুর, ঢাকা।
৩। অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস), কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা।
৪। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

২৮/১২/২০২৩

(এ, এইচ, এম, লোকমান)
অতিরিক্ত সচিব ও
পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫০১২৩৪২
ইমেইল: diradmin@dgfp.gov.bd